

আজি যত তারা তব আকাশে
 সবে মোর প্রাণ ভরি প্রকাশে ॥
 নিখিল তোমার এসেছে ছুটিয়া, মোর মাঝে আজি পড়েছে টুটিয়া হে,
 তব নিকুঞ্জের মঞ্জরী যত আমারি অঙ্গে বিকাশে ॥
 দিকে দিগন্তে যত আনন্দ লভিয়াছে, এক গভীর গন্ধ,
 আমার চিত্তে মিলি একত্রে তোমার মন্দিরে উছাসে ।
 আজি কোনোখানে কারেও না জানি,
 শুনতে না পাই আজি কারো বাণী হে,
 নিখিল নিশ্বাস আজি এ বক্ষে বাঁশরির সুরে বিলাসে ॥

Parjaay: Puja, Taal: Kawali, Raag: Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail